# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১)সমগ্র দেশে আজ স্বাধীনতা সংগ্রামী বীরসা মুন্ডার জন্ম জয়ন্তী গৌরব দিবস হিসেবে পালন । বরাক উপত্যকার তিন জেলায়ও নানা কার্যসূচির মাধ্যমে এই দিবস পালন ।

২) আসামের প্রাচীন ইতিহাস সমৃদ্ধ বৃন্দাবনী বস্ত্র আসামে প্রদর্শনের জন্য নিয়ে আসা সম্পর্কে আলোচনার জন্য মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আজ লন্ডনের উদ্দেশ্যে যাত্রা ।

৩) রাজ্যের বিভিন্ন অঞ্চলে আফ্রিকান সোয়াইন-ফ্লুর সংক্রমণ বৃদ্ধি । প্রশাসনের নিষেধাজ্ঞা জারী ।

এবং

৪) এন আই টি শিলচরের ২৩তম সমাবর্তন অনুষ্ঠানে আজ মোট ১ হাজার ২শো ১১ জন ছাত্র-ছাত্রী এবং গবেষককে ডিগ্রীর প্রমানপত্র প্রদান ।

-----------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ স্বাধীনতা সংগ্রামী তথা উপজাতি নেতা বীরসা মুন্ডা জয়ন্তী জনজাতীয় গৌরব দিবস হিসেবে পালন করা হয়েছে । আসামেও আজ উপজাতি পরিক্রমা বিভাগের উদ্যোগে রাজ্যের বিভিন্ন জেলায় এই দিবস পালন করা হয়েছে । বিভিন্ন জেলার জেলা প্রশাসনের উদ্যোগে এই দিবস উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয় । গোয়ালপারা জেলা প্রশাসন এবং রাভা হাসং স্বশাসিত পরিষদের যৌথ উদ্যোগে আজ এই দিবস পলন করা হয় , অনুষ্ঠানে রাজ্যের উপজাতি পরিক্রমা বিভাগের মন্ত্রী ডা: রণোজ পেগু মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । ওই অনুষ্ঠানে গুজরাটে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে আয়োজিত উপজাতীয় গৌরব দিবসের প্রধানমন্ত্রীর ভাষণ সরাসরি সম্প্রচার করা হয় ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে লক্ষীপুরের ফুলেরতলে জনজাতি গৌরব দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই। এছাড়া জেলা আয়ুক্ত মৃদুল যাদব সহ অন্যান্য আধিকারিক ও জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।

---

শ্রীভূমি জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে বিরসা মুন্ডার ১শো ৫০তম জন্মজয়ন্তী উপজাতীয় গৌরব দিবস হিসেবে পালন করা হয়েছে । এই উপলক্ষে আজ লোয়াইরপোয়া উন্নয়ন খন্ডের অধীন ছাগলমোয়া ট্রাইব্যাল এম ই স্কুলে এই দিবস পালন করা হয় অনুষ্ঠানে রাজ্যের মৎস , পশু পালন ও পশু চিকিৎসা এবং পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । বিভিন্ন অনুষ্ঠান সূচির মধ্যে ছিল , বিরসা মুন্ডার প্রতি শ্রদ্ধাঞ্জলী প্রদান , উপজাতী সম্প্রদায়ের শিল্পীদের সঙ্গীত ও নৃত্য পরিবেশন , এছাড়াও উপজাতী সম্প্রদায়ের খাদ্য সামগ্রীর ফুড ষ্টলের মাধ্যমে তাদের রন্ধন প্রণালী প্রদর্শন করা হয় ।

---

অনুরূপভাবে হাইলাকান্দি জেলায়ও প্রশাসনের উদ্যোগে আজ ঘাড়মুড়ায় এই দিবস উদযাপন করা হয়েছে। বনবাসী কল্যাণ আশ্রমে জেলা আয়ুক্ত অভিষেক জৈন এই অনুষ্ঠানের সূচনা করেন।

---

আদানী পাওয়ার লিমিটেড আসামে ৩ হাজার ২শো মেগাওয়াটের একটি গ্রীন ফিল্ড আল্ট্রা সুপার ক্রিটিক্যাল পাওয়ার প্লান্ট স্থাপনের জন্য ৪৮ হাজার কোটি টাকা বিনিয়োগ করবে । এই অনুসারে আদানী গ্রীন এনার্জী আসামে মোট ২ হাজার ৭শো মেগাওয়াটের দুটি পাম্পড ষ্টোরেজ প্লান্ট স্থাপনের জন্য ১৫ হাজার কোটি সহ মোট ৬৩ হাজার কোটি টাকা ব্যায় করবে । আদানী গ্রুপের কর্পোরেট কমিউনিকেশনের আধিকারক মিতুল থাক্কার এ কথা জানিয়েছেন । তিনি জানিয়েছেন যে আদানী গ্রুপ এই দুটি বৃহৎ প্রকল্প উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের লক্ষ্যে গ্রহণ করেছে এবং একই সঙ্গে  গৌতম আদানীর আগামী ফেব্রুয়ারী মাসের মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে ৫০ হাজার কোটি টাকা বিনিয়োগ করার প্রতিশ্রুতি পূরণ করবে । আদানী গ্রুপের সঞ্চালক গৌতম আদানী বলেছেন যে ভারতের বিকাশের যাত্রায় উত্তর-পূর্বাঞ্চল একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচিত হচ্ছে ।

---

আসামের প্রাচীন ইতিহাস সমৃদ্ধ বৃন্দাবনী বস্ত্র আসামে প্রদর্শনের জন্য নিয়ে আসা সম্পর্কে আলোচনার জন্য মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ লন্ডনের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন । লন্ডনের সংগ্রহশালায় থাকা এই বস্ত্র আসামে প্রদর্শনের জন্য নিয়ে আসা সম্পর্কে ইতিমধ্যেই ইংল্যান্ডের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করা হয়েছিল । এই অনুসারে এই বস্ত্র গৌহাটিতে এনে খানাপারা সংগ্রহালয়ে বিশেষভাবে সংরক্ষিত করে রাখার ব্যবস্থা করা হবে এবং এর জন্য জমিও বন্টন করে রাখা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । আগামীকাল লন্ডনের সংগ্রহালয় কর্তৃপক্ষ এবং আসাম সরকারের মধ্যে একটি সমঝোতা চুক্তি সাক্ষরিত হবে বলেও মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমযোগে প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন অঞ্চলে আফ্রিকান সোয়াইন ফ্লুর সংক্রমণ বৃদ্ধি পাওয়ার ফলে শুকর নিধন করা হচ্ছে । এর ফলে ক্ষুদ্র এবং বৃহৎ শুকর পালকদের যথেষ্ট ক্ষতি হচ্ছে । আপার আসামের বিভিন্ন জেলায় বিশেষকরে শিবসাগর , ধেমাজী , ডিব্রুগড়, এবং লখিমপুরে সোয়াইন-ফ্লুর সংক্রমণ সর্বাধিক বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

গোলাঘাট জেলায় আফ্রিকান সোয়াইন-ফ্লুর প্রকোপ আরো বৃদ্ধি পেয়েছে । এই রোগের সংক্রমণ রোধে সংশ্লিষ্ট জেলা মেজিষ্ট্রেট ভারতীয় নাগরীক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ নম্বর ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছে ।

---------------------------------------------------------------------------------------

এন আই টি শিলচরের ২৩ তম সমাবর্তন আজ অনুষ্ঠিত হয়েছে । এন আই টি শিলচরের ক্রীড়া প্রাঙ্গণ প্রেক্ষাগৃহে আয়োজিত এই সমাবর্তনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডি আর ডি ও র ইলেক্ট্রনিকস এবং যোগাযোগ বিভাগের সঞ্চালক প্রধান ড.বিনয় কুমার দাস এবং এ আই সি টি ই র প্রাক্তন অধ্যক্ষ তথা আই আই টি খড়গপুরের প্রাক্তন সঞ্চালক অধ্যাপক দামোদর আচার্য । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এন আই টি  শিলচরের সঞ্চালক অধ্যাপক দিলীপ কুমার বৈদ্য ।

সমাবর্তন অনুষ্ঠানে আজ মোট ১২১১ জন ছাত্র ছাত্রী এবং গবেষককে ডিগ্রীর প্রমাণপত্র প্রদান করা হয় । এরমধ্যে ৮৪১ জন বি টেক ডিগ্রী ,১৩৫ জন এমটেক ডিগ্রী ,৬০ জন এম এস সি এবং ৪৮ জন এম বি এ ডিগ্রী লাভ করেছে । এছাড়াও রেকর্ড সংখ্যক ১২৭ জন গবেষককে পি এইচ ডি ডিগ্রী প্রদান করা হয় ।

সমাবর্তনে শ্রেষ্ঠ অল-রাউন্ড স্নাতক পুরস্কার এবং শ্রেষ্ঠ ডক্টরেট ছাত্র পুরস্কার ইত্যাদি বিশেষ পুরস্কারও প্রদান করা হয় । উল্লেখ্য এন আই টি শিলচর এবছর ১০০ রো

অধিক গবেষককে পি এইচ ডি ডিগ্রী  প্রদান করা উত্তর-পূর্ব ভারতের প্রথম এন আই টি হিসেবে পরিগণিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থ মন্ত্রনালয়ের নির্দেশে হাইলাকান্দি জেলায় ১০ বছর বা তার বেশী দিন ধরে নিষ্ক্রিয় থাকা ব্যাঙ্ক একাউন্ট সক্রিয় করতে সচেতনতা শিবির শুরু হয়েছে । জেলা প্রশাসন ও লিড ডিস্ট্রিক্ট কার্যালয়ের যৌথ উদ্যোগে গত ১৩ নভেম্বর লালা উন্নয়ন খন্ড কার্যালয়ে প্রথম শিবিরটি অনুষ্ঠিত হয় ।আপনার ধন আপনার অধিকার কর্মসূচীর অধীনে  এই শিবিরে দশটি ব্যাঙ্ক শাখার কর্মকর্তারা অংশ নেন । জেলার লিড ডিস্ট্রিক্ট ম্যানেজার বিভাস দাসের পরিচালনায় শিবিরে ১৩ টি পুরোনো নিষ্ক্রিয় অ্যাকাউন্টের দাবি নিষ্পত্তি করা হয় । এতে ১ লক্ষ ২২ হাজার ৯০৪ টাকার একাউন্ট সক্রিয় করা হয় । এদিকে আগামী ১৮ নভেম্বর হাইলাকান্দি উন্নয়ন খন্ড কার্যালয়েও অনুরূপ এক শিবিরের আয়োজন করা হয়েছে । এতে দাবিদারহীন পুরোনো ব্যাঙ্ক একাউন্টের মালিক অথবা নমিনিদের উপস্থিত থাকতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার সড়ক পরিকাঠামো আরো উন্নত করার গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে ন্যাশনেল হাইওয়েজ অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলাপমেন্ট কর্পোরেশন লিমিটেড এর অধীনে গৃহীত একটি সড়ক উন্নয়ন প্রকল্পের জন্য প্রস্তাবিত জমি অধিগ্রহুণ সম্পর্কে কাছাড় জেলা প্রশাসন একটি জন পরামর্স জারী করেছে । এই প্রকল্পের উদ্দেশ্য হলো পয়লাপুলের নিকটবর্তী ৩৭ নম্বর জাতীয় সড়ক থেকে শুরু হয়ে জয়পুর ,হরিনগর ,কুমারছরা ,জিনাম ,হাংরুম হয়ে  ১৩৭ নম্বর জাতীয় সড়ক ( মাহুর-তামেংলং রোড) রে সঙ্গে সংযোগ স্থাপন করা । এর মাধ্যমে প্রত্যন্ত গ্রামের সঙ্গে সংযোগ বৃদ্ধি হবে এবং আঞ্চলিক উন্নয়ন ত্বরান্বিত হবে । জেলা প্রশাসন এই প্রকল্পের অধীনে নির্দিষ্ট এলাকাগুলির সব বাসিন্দা ও সংশ্লিষ্টদের নতুন নির্মাণ কাজের বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

আসাম মণিপুরী কলা একাডেমী ও কাছাড় কলেজের ইতিহাস বিভাগের যৌথ ব্যাবস্থাপনায় গত ৯ থেকে ১৫ অক্টোবর পর্যন্ত মণিপুরী লোক ও শাস্ত্রীয় নৃত্যের ওপর অনুষ্ঠিত সাতদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী ২৯ জন ছাত্র ছাত্রীদের মধ্যে গতকাল শংসাপত্র বিতরণ করা হয়েছে । এ উপলক্ষ্যে এল মংলেম্বা সিংহের পৌরহিত্যে গতকাল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন  এ পি এ সি সচিব নন্দবাবু সিংহ । বিশেষ অতিথি হিসেবে কাছাড় কলেজের উপাধ্যক্ষ তথা

ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান সামসুদ্দিন লস্কর সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

বদরপুরে আজ এক মর্মান্তিক সড়ক দূর্ঘটনায় ঘটনাস্থলে এক স্কুটি আরোহীর মৃত্যু হয়েছে । বদরপুর জাতীয় সড়কের পাশে থাকা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সম্মুখে শিলচরের দিক থেকে আসা ডাম্পারের সঙ্গে বিপরীত দিক থেকে আসা একটি স্কুটির মুখোমুখি সংঘর্ষের ফলে এই দূর্ঘটনা সংঘটিত হয় । নিহত স্কুটি আরোহীকে ভাঙ্গার সাজুপাড়া গ্রামের রবীন্দ্রনাথ রায় বলে শণাক্ত করা হয়েছে । স্কুটি চালক আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন । এদিকে পুলিশ ট্রিপার চালককে আটক করেছে বলে আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

দিল্লী বোমা বিস্ফোরণ সম্পর্কে সামাজিক মাধ্যমে আপত্তিজনক মন্তব্য করার অভিযোগে ধুবরী জেলার বিলাসীপারা পুলিশ গত রাতে এক যুবককে গ্রেপ্তার করেছে । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে বিলাসীপারা পুলিশের একটি দল হাতীপোটা প্রথম খন্ড থেকে ওই যুবককে গ্রেপ্তার করে তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------------